

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রধান কার্যালয়
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
এসইএন্ডডি বিভাগ-১
www.reb.gov.bd

নম্বর: ২৭.১২.০০০০.০২২.১৮.৪৬৫.২০.১০৮১

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৬

০১ মার্চ ২০২০

প্রাপক:

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।

বিষয়: নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র সংক্রান্ত।

সূত্র: বিদ্যুৎ বিভাগের স্মারক নং-২৭.০০.০০০০.০৫৩.৯৯.০০১.১৯.১১৭; তারিখঃ ২০-০২-২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “Getting Electricity (rank)-Ease of Doing Business” এর বিভিন্ন সূচক এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নির্ধারিত সময়সীমার মধ্যে সকল নাগরিকের জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানে বিদ্যমান সময়সীমা কমিয়ে আনার লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের সমন্বয়-২ অধিশাখা হতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

উচ্চ চাপে বৈদ্যুতিক সংযোগ (HT Connection):

- ১। নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন (নির্ধারিত সকল শর্তাদি প্রতিপালন ও তথ্যাদিসহ দাখিল করা হলে) প্রাপ্তির ০৫ দিনের মধ্যে কারিগরী তদন্ত ও জরিপ কাজ সম্পন্ন করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় আবেদনকারীকে তাৎক্ষণিক জানিয়ে দিতে হবে।
- ২। তদন্ত ও জরিপ প্রতিবেদন প্রাপ্তির পরবর্তী ০৮ দিনের মধ্যে লোড বরাদ্দ করে ডিমাল্ড নোট ইস্যু করতে হবে। তদন্ত ও জরিপ প্রতিবেদনের ত্রুটি/বিচ্যুতি পাওয়া গেলে আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে জানিয়ে দিতে হবে।
- ৩। ডিমাল্ড নোট প্রাপ্তির ০৩ দিনের মধ্যে আবেদনকারীকে ডিমাল্ড নোটের অর্থ জমা দিতে হবে। যদি উক্ত সময়সীমার মধ্যে আবেদনকারী অর্থ পরিশোধে ব্যর্থ হয় তা হলে আবেদনের প্রসেস আর্কাইভ হয়ে যাবে। অর্থ পরিশোধের পরে আবেদন প্রসেস পুনরুজ্জীবিত করতে হবে।
- ৪। টাকা জমা দেওয়ার পরবর্তী ০২ দিনের মধ্যে মিটার সরবরাহ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।

আবাসিক সংযোগ:

- ৫। আবাসিক বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে আবেদন (প্রয়োজনীয় তথ্যাদিসহ) প্রাপ্তির পরবর্তী ০১ থেকে ০৭ দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় তাৎক্ষণিক আবেদনকারীকে জানিয়ে দিতে হবে।
- নোটঃ ইপিজেড, বেঙ্গা এলাকায় সকল শর্ত পূরণ করলে ২৪ ঘন্টার মধ্যে সংযোগ প্রদান করতে হবে।

সিদ্ধান্ত মোতাবেক নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিদ্যুৎ বিভাগের সমন্বয়-২ অধিশাখা হতে জারীকৃত পরিপত্র।

...


১-৩-২০২০
মোঃ শহিদুল ইসলাম
পরিচালক